

নতুন চারটি মেরিন একাডেমিতে কমান্ড্যান্ট নিয়োগ

ঢাকা, ০৩ সেপ্টেম্বর;

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধিনস্থ নবনির্মিত চারটি মেরিন একাডেমির জন্য চারজন কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত) নিয়োগ দেয়া হয়েছে।

নৌপরিবহন মন্ত্রণালয় ২৫ আগস্ট এ সংক্রান্ত অফিস আদেশ জারি করেছে।

বরিশাল ও রংপুর মেরিন একাডেমির কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত) হিসেবে নিয়োগ পেয়েছেন যথাক্রমে বাংলাদেশ নৌবাহিনীর ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান ও ক্যাপ্টেন মোহাম্মদ শফিকুল ইসলাম সরকার। সিলেট ও পাবনা মেরিন একাডেমির কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত) হলেন যথাক্রমে বাংলাদেশ মেরিন একাডেমির ডেপুটি কমান্ড্যান্ট ক্যাপ্টেন কাজী এ বি এম শামীম এবং উর্ধ্বতন নৌ-প্রশিক্ষক ক্যাপ্টেন মোঃ তৌফিকুল ইসলাম।

আগামি ১৯ সেপ্টেম্বরের মধ্যে তাদেরকে নতুন কর্মস্থলে যোগদান করতে বলা হয়েছে।

উল্লেখ্য, নতুন চারটি মেরিন একাডেমি (বরিশাল, রংপুর, সিলেট ও পাবনা) নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৫২১ কোটি ৪৬ লাখ টাকা। ২০১৫ সালে মেরিন একাডেমির নির্মাণ কাজ শুরু হয়। ইতোমধ্যে চারটি একাডেমিতে ৫০ জন করে ২০০ জনের একাডেমিক কার্যক্রম (২০১৯-২০ বছর) শুরু হয়েছে।

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪

jahangirpro66@gmail.com,